# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

২০ শ্রাবণ ১৪৩২
তারিখ: -------------------
০৪ আগস্ট ২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের গঠন এবং পরিচালকগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ ও পরিচালনা পর্ষদের সহায়ক কমিটির সভা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। আলোচ্য সার্কুলারের ১২.১(ঙ) অনুচ্ছেদ অনুযায়ী পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটির সভায় উপস্থাপিত কোনো বিষয়ে নোট অব ডিসেন্ট দেয়া হলে তা কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে। কিন্তু ব্যাংকসমূহ কর্তৃক অনেক ক্ষেত্রে উক্ত নির্দেশনা পরিপালন করা হচ্ছে না মর্মে পরিলক্ষিত হয়। এছাড়া, অনেক ক্ষেত্রে ব্যাংকের পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটির সভায় উপস্থাপিত কোনো বিষয়/এজেন্ডার উপর উক্ত সভায় যে আলোচনা সংঘটিত হয় এবং পরিচালকগণসহ বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষক যে সকল মতামত প্রদান করেন তা সভার কার্যবিবরণীতে যথাযথভাবে প্রতিফলিত হয় না। ফলে, পরিচালনা পর্ষদের সদস্যগণের পর্ষদ ও সহায়ক কমিটির সভায় কার্যকরভাবে অংশগ্রহণ ও অবদান রাখার বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয় না। এ প্রেক্ষিতে, ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটির সভায় পরিচালনা পর্ষদের সদস্যগণের কার্যকরভাবে অংশগ্রহণ ও অবদান রাখার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশনা জারি করা হলো :

(ক) ব্যাংকের পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটির সভায় উপস্থাপিত কোনো বিষয়/এজেন্ডার উপর উক্ত সভায় সংঘটিত আলোচনা এবং কোনো পরিচালকের দ্বিমতসূচক/ব্যতিক্রমী মতামত/পর্যবেক্ষণ থাকলে তা সভার কার্যবিবরণীতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(খ) সভায় আলোচিত পরিচালনা পর্ষদ/সহায়ক কমিটির সকল পর্যবেক্ষণ/সুপারিশ কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে;

(গ) সভায় উপস্থাপিত কোনো বিষয়/এজেন্ডার উপর কোনো পরিচালক/পরিচালকগণ কর্তৃক 'নোট অব ডিসেন্ট' দেয়া হলে তা সভার কার্যবিবরণীতে সবিস্তারে লিপিবদ্ধ করতে হবে;

(ঘ) ব্যাংকে বাংলাদেশ ব্যাংকের কোনো পর্যবেক্ষক থাকলে, সভায় উপস্থাপিত কোনো বিষয়/এজেন্ডার উপর বাংলাদেশ ব্যাংকের উক্ত পর্যবেক্ষক কর্তৃক প্রদত্ত মতামত/পর্যবেক্ষণ সভার কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

০৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫